

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সামুদ্রিক মৎস্য দপ্তর  
সরকারী কার্যভবন নং-১  
আগ্রাবাদ, চট্টগ্রাম।


পত্র নং- ৩৩.০২.০০০০.২০২.৪৯.০৪১.১৪. ১৪২৭/ ১(২০)

তারিখ : ২০ কার্তিক ১৪২৬  
০৫ নভেম্বর ২০১৯ খ্রি.

অফিস আদেশ

আগামী ১১-১৫ নভেম্বর, ২০১৯ খ্রি. সময়ে চট্টগ্রাম বিভাগের অর্ন্তগত কক্সবাজার জেলার সদর ও মহেশখালী উপজেলার সমুদ্র উপকূলীয় অঞ্চলে মৎস্য আহরণে নিয়োজিত যান্ত্রিক মৎস্য নৌযানের রেজিস্ট্রেশন ও ফিশিং লাইসেন্স প্রদান/নবায়ন কার্যক্রমের আওতায় নৌ-বাণিজ্য দপ্তর, বাংলাদেশ কোস্টগার্ড, স্থানীয় প্রশাসন এবং সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম এর যৌথ উদ্যোগে ক্যাম্প পরিচালনা করা হবে। যৌথ ক্যাম্প পরিচালনায় নিম্ন বর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে টিম গঠন করা হলো। একই সাথে সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ, ১৯৮৩ এর ২য় অংশ (প্রশাসন) ধারা-৬, উপধারা-২ এর ক্ষমতাবলে অত্র দপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ আব্দুস সালামকে টিম লিডার হিসাবে যান্ত্রিক মৎস্য নৌযানের ফিশিং লাইসেন্স ইস্যু ও নবায়নের ক্ষমতা প্রদান করা হলো।

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	দপ্তরের নাম	টিমে দায়িত্ব
১	জনাব মোঃ আব্দুস সালাম, পরিসংখ্যান কর্মকর্তা	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	টিম লিডার
২	জনাব মোঃ জহিরুল হক, পরিদর্শক	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য
৩	জনাব মনজুর আলম, পরিদর্শক	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য
৪	জনাব এস এম, সাজ্জাদ উদ্দিন, পরিদর্শক	সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য
অত্র দপ্তরের সিপাহী জনাব আমিনুল ইসলাম ও মেরিন গার্ড জনাব অলিউল্লাহ মির্জা উক্ত টিমকে সহায়তা প্রদান করবেন।			

পরিচালকের পক্ষে  
  
 (মোহাম্মদ নাজিম উদ্দিন)  
 সহকারী পরিচালক  
 সামুদ্রিক মৎস্য দপ্তর  
 আগ্রাবাদ, চট্টগ্রাম।  
 ফোন: ০৩১-৭২১৭৩১

Email:directormarine@fisheries.gov.bd

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। জোনাল কমন্ডার, পূর্ব জোন, বাংলাদেশ কোস্টগার্ড, ফিশ হারবার, ইছানগর, চট্টগ্রাম। যৌথ ক্যাম্প পরিচালনার সময় বাংলাদেশ কোস্টগার্ডের কক্সবাজার কন্ট্রোল ইউনিট স্টেশনে কর্মরত কন্ট্রোল কর্মকর্তাবৃন্দকে সহযোগিতা প্রদানে নির্দেশনা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ২। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। উক্ত কার্যক্রমে ভ্যাট আদায়ের লক্ষে আপনার দপ্তরের উপযুক্ত প্রতিনিধি অর্ন্তভুক্তকরণের মাধ্যমে যৌথক্যাম্পটি সফল করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য অধিদপ্তর, সরকারী কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম। উক্ত কার্যক্রমে আপনার দপ্তরের উপযুক্ত প্রতিনিধি অর্ন্তভুক্তকরণের মাধ্যমে যৌথক্যাম্পটি সফল করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ৫। জেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব, যান্ত্রিক মৎস্য নৌযানের রেজিস্ট্রেশন ও ফিশিং লাইসেন্স ইস্যু কার্যক্রম বাস্তবায়নে গঠিত জেলা কমিটি কক্সবাজার। উক্ত কার্যক্রমে আপনার নিয়ন্ত্রণাধীন সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দকে উপস্থিত থেকে যৌথ ক্যাম্প পরিচালনায় সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। মহাপরিচালকের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর ও মহেশখালী, কক্সবাজার। যৌথ ক্যাম্প পরিচালনায়রত টিমকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।
- ৯। জনাব মোঃ আব্দুস সালাম, পরিসংখ্যান কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ১০। ব্যবস্থাপক, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কক্সবাজার।
- ১১। জনাব....., পরিদর্শক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ১২। জনাব....., সিপাহী, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ১৩। সভাপতি/ সাধারণ সম্পাদক, যান্ত্রিক মৎস্য নৌযান মালিক সমিতি, কক্সবাজার।
- ১৪। সংশ্লিষ্ট নথি।